গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ
doict.narayanganjsadar.narayanganj.gov.bd

**নারায়ণগঞ্জ সদর উপজেলা আইসিটি কমিটির ফেব্রুয়ারি/ ২০২৬ মাসের সভার কার্যবিবরনী**

সভাপতিঃ জনাব এস এম ফয়েজ উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ
তারিখঃ ২৬/০২/২০২৬ খ্রিস্টাব্দ
সময়ঃ বেলা ১২.০০ টা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-"ক"

উপজেলা আইসিটি কমিটির উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। আইসিটি কমিটির কার্যক্রম ও বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ।

সিদ্ধান্তঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সির শাখা কার্যালয়ঃ** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তাগণকে জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সির শাখা কার্যালয়ের দায়িত্ব প্রদান করা হয়েছে। সাইবার নিরাপত্তা সহায়তা সেবা প্রদান, সাইবার ইনসিডেন্ট ব্যবস্থাপনা, সাইবার সচেতনতা কর্মসূচি বাস্তবায়ন এবং মাঠ পর্যায়ে সাইবার নিরাপত্তা সংক্রান্ত দক্ষতা উন্নয়ন এর লক্ষ্যে ইতিমধ্যে নারায়ণগঞ্জ সদর উপজেলায় সাইবার নিরাপত্তা সেবা হেল্পডেস্ক স্থাপন করা হয়েছে। | ডিজিটাল প্ল্যাটফর্মে গুজব, বিভ্রান্তিমূলক তথ্য, ভুল তথ্য শনাক্ত, যাচাই এবং প্রতিরোধের নিমিত্ত সহায়তা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা আইসিটি অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ |
| ০২ | **উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টাল আপডেট সংক্রান্ত:** সভাপতি মহোদয়ের নির্দেশনা মোতাবেক নারায়ণগঞ্জ সদর উপজেলার সকল অফিস-এর ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদ করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যলয়, নারায়ণগঞ্জ সদর অফিস থেকে নিয়মিত কারিগরী পরামর্শ ও সহযোগিতা দেওয়া হচ্ছে। এর প্রেক্ষিতে ২৫ (পচিঁশ) টি দপ্তর ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদ সম্পন্ন করেছে এবং ১৫ টি দপ্তরের ওয়েব পোর্টাল এখনো ১০০% হালনাগাদ সম্পন্ন হয় নি। | উপজেলায় অবস্থিত প্রতিটি সরকারি অফিসের ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদ এবং সরকার নির্দেশিত ওয়েব পোর্টালের মেনু কাঠামো ও লেভেল অনুসরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | সংশ্লিষ্ট দপ্তর প্রধান |
| ০৩ | **আইসিটিডি ল্যাব পরিদর্শনঃ** "শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন" প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ সদর উপজেলায় ৩৪ টি "আইসিটিডি ডিজিটাল ল্যাব" এবং ১টি আইসিটিডি স্কুল অফ ফিউচার রয়েছে। নিয়মিত ল্যাব পরিদর্শণ কার্যক্রমের প্রতিবেদনে উল্লেখিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অচল আইটি সামগ্রী এবং ল্যাব অপারেটর নিয়োগের বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলায় অবস্থিত ল্যাবসমূহের যথাযথ ব্যবহারের নিমিত্তে অচল আইটি সামগ্রী দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করার বিষয়ে সভাপতি মহোদয় সিদ্ধান্ত প্রদান করেন। শিক্ষা প্রতিষ্ঠানের কমিটি গঠন হলে পরবর্তীতে ল্যাব অপারেটর নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। | উপজেলা আইসিটি অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় Establishing Digital Connectivity প্রদান পরবর্তী গ্রাহক পর্যায়ে প্রশিক্ষণ এবং ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান প্রসঙ্গেঃ** "Establishing Digital Connectivity" প্রকল্পে সারাদেশে বিভিন্ন প্রতিষ্ঠানে প্রায় ১,১১,৬৯৬টি ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হবে। একার্যক্রমে নারায়ণগঞ্জ সদর উপজেলায় ইতিমধ্যে ১০৯ টি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। ১৪/০৮/২০২৫ খ্রি. তারিখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাথে আইসিটি অধিদপ্তরের একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। | নারায়ণগঞ্জ সদর উপজেলায় ৬০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০ Mbps ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। গত ১৯/০১/২০২৬ খ্রি. তারিখে Establishing Digital Connectivity প্রদান পরবর্তী গ্রাহক পর্যায়ে প্রশিক্ষণ এবং ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। | উপজেলা আইসিটি অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ |
| ০৫ | **ডি-নথি বাস্তবায়নঃ** সকল সরকারি দপ্তরকে সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এ প্রদত্ত নির্দেশনামতে অধিকতর সুসংহত উপায়ে কার্যক্রম পরিচালনা করার উপযোগী একমাত্র প্রযুক্তিনির্ভর নথি ব্যবস্থাপনা হচ্ছে ডি-নথি। তাই উপজেলাস্থ সকল সরকারি দপ্তরে অনলাইন নথি ব্যবস্থাপনা (ডি-নথি সিস্টেম) এর ব্যবহার ও অগ্রাধিকার প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ডি-নথি সিস্টেমে নারায়ণগঞ্জ সদর উপজেলার ১৯ (উনিশ) টি দপ্তর অন্তর্ভুক্ত আছে। ডি-নথিতে অন্তর্ভুক্ত সকল দপ্তরে ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি অব্যাহত রাখা এবং ডি-নথি কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডি-নথি সিস্টেমে অন্তর্ভুক্ত দপ্তর প্রধানগণ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

24/2/26

(এস এম ফয়েজ উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ

স্মারক নং- ৫৬.০৪.৬৭৫৮.০০০.০৬.০০২.২৩-১৩

তারিখ- ২৬/০২/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ ।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি),নারায়ণগঞ্জ।
৩। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ।
৪। উপজেলা ....................................অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।
৫। অফিস কপি।

26/02/2026

(শুভ্রা কুন্ডু)
উপজেলা আইসিটি অফিসার
(সহকারী প্রোগ্রামার)
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ